বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

মুজিব শতবর্ষ MUJIB 100

*"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"*

# ইনোভেশন টিমের ১৪তম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ প্রফেসর মোস্তফা আজাদ কামাল
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি।

সভার তারিখ ঃ ২০ এপ্রিল, ২০২২

সভার সময় ঃ সকাল ১০:০০ থেকে ১১:০০ টা

স্থান ঃ ট্রেজারার মহোদয়ের বাউবি'র গাজীপুরস্থ অফিস কক্ষ।

উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক'।

সভাপতি মহোদয় সভার শুরুতে সকল সদস্যদেরকে আন্তরিক শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয়ের অনুরোধে ইনোভেশন টিমের সদস্য সচিব আলোচ্যসমূহ সভায় উপস্থাপন করেন এবং প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ২৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৩তম সভা এবং ০৯/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুসমর্থন প্রসঙ্গে। | ২৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৩তম সভা এবং ০৯/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের পর্যালোচনা সভার কার্যবিবরণী ইতোপূর্বে ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্যদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়। ফলে ১৩তম সভা এবং পর্যালোচনা সভার কার্যবিবরণী ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্য অনুসমর্থন করার বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | ১৩/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৩তম সভা এবং ০৯/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুসমর্থিত হয়েছে।<br>**বাস্তবায়ন :**<br>• ১৩ তম সভায় সকল ডিন, পরিচালক এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টদের নিয়ে ০৯/০৩/২০২২ তারিখে পর্যালোচনা সভা করার সিদ্ধান্তটি বাস্তবায়িত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ২. | বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশের বিষয়ে আলোচনা। | বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশের বিষয়ে বিশদভাবে আলোচনা হয়। আলোচনায় মাননীয় রেজিস্ট্রার কোন কোন বিষয়গুলো প্রকাশনা হিসেবে বিবেচিত হতে পারে সে বিষয়ে সবাইকে ধারণা দেন। সভায় উপস্থিত আমন্ত্রিত সদস্য ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ তথ্য বাতায়নে কী কী বিষয় আপলোড করা যায় সে বিষয়ে আলোচনা করেন। প্রতি ০৩/০৬ মাস অন্তর তথ্য প্রবাহ বা তথ্য বার্তা তথ্য বাতায়নে প্রকাশ করার ব্যাপারে সবাই মতামত প্রকাশ করেন। E-bulletin প্রকাশ করা, প্রেস রিলিজ Website-এ হালনাগাদ করার বিষয়েও আলোচনা হয়। মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ কে Website-এ কী কী নতুন Feature সংযোজন করা যায় সে ব্যাপারে উদ্যোগ নিতে বলেন এবং প্রয়োজনে a2i এর সহযোগিতা নিয়ে কিভাবে Website কে আরো আধুনিক করা যায় যেমন কিভাবে Bangla, English উভয় ভাষায় Translate করার ব্যবস্থা করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেন। | • তথ্য বাতায়নে প্রতি ৩ বা ৬ মাসে তথ্য বার্তা প্রকাশের ব্যাপারে সিদ্ধান্ত হয়।<br>• ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ কে কাজের প্রয়োজনে ইনোভেশন টিমের সদস্য হিসেবে Co-Opt করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩. | বিবিধ | জুন মাসে Innovation Summit করার জন্য একটি Concept Paper তৈরি করার বিষয়ে প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি'কে দায়িত্ব প্রদান করা হয়। Innovation Summit করার ব্যাপারে ট্রেজারার মহোদয় Key Note বা Panel তৈরি করার বিষয়ে নির্দেশনা দেন। System Design এর কাজটি শেষ করার জন্য আরিফুল ইসলাম, প্রভাষক, স্কুল অব বিজনেস কে Reminder দেয়ার জন্য সদস্য সচিবকে বলা হয়। | • জুন/২০২২ এর মধ্যে Innovation Summit করার জন্য প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি'কে Concept Paper তৈরি করে জমা দিতে বলা হয়। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রফেসর মোস্তফা আজাদ কামাল
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি
ও
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৬২/ইনোভেশন (এপিএ)/২০২১/ ৮২২১ তারিখ: ৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সংগীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৭. আরিফুল ইসলাম, প্রভাষক, স্কুল অব বিজনেস, বাউবি।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো) ঃ

১. পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

20/04/2022
নার্গিস আখতার
যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।